

একজন সাধারণ শিক্ষা ক্যাডার সদস্যকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি নিয়োগ দাবী

প্রেস বিজ্ঞপ্তি : বিসিএস. সাধারণ শিক্ষা সমিতি সাধারণ শিক্ষা ক্যাডার সদস্যদের মধ্য থেকে একজনকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি চ্যানসেলর নিয়োগ করার জন্য বিশ্ববিদ্যালয়ের চ্যানসেলর ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আবেদন জানিয়েছে। গত ৩ ফেব্রুয়ারী সমিতির ভারপ্রাপ্ত সভাপতি প্রফেসর এবিএম জনাব আলীর সভাপতিত্বে ঢাকা

কলেজে অনুষ্ঠিত এক জরুরী সভায় এই আবেদন পুনঃ সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। সভায় পূর্ণ গড় বেতনে শিক্ষকদের অর্জিত ছুটি ও পিএসসি, কর্তৃক সরাসরি নিয়োগকৃত শিক্ষকদের স্বার্থহানিকর না হয় এমন একটি আত্মীকরণবিধি '৯৭ প্রণয়নসহ অন্যান্য দাবী দাওয়া পূরণের আহবান জানানো হয়। সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ও মহাসচিবকে হঠাৎ নিবর্তনমূলক বদলি করায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয় এবং অবিলম্বে বদলির আদেশ প্রত্যাহারের দাবী জানানো হয়।